## রাশিয়ার সার্বভৌম অবস্থান অটল, যুক্তরাষ্ট্রের চাপ ফলপ্রসূ হবে না: পুতিন



সংগৃহীত ছবি

রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ঘোষণা দিয়েছেন, যুক্তরাষ্ট্রের চাপ বা নিষেধাজ্ঞা রাশিয়াকে তার অবস্থান থেকে সরাতে পারবে না। তিনি বলেন, “যে দেশ নিজের মর্যাদা রক্ষা করতে জানে, সে কখনো বাইরের চাপে মাথা নত করে না— রাশিয়াও করবে না।”

বৃহস্পতিবার মস্কোয় সাংবাদিকদের সঙ্গে আলাপকালে পুতিন জানান, ওয়াশিংটনের নতুন অর্থনৈতিক নিষেধাজ্ঞা রাশিয়ার অর্থনীতিতে সাময়িক প্রভাব ফেলতে পারে, তবে দেশটি দৃঢ়ভাবে পরিস্থিতি মোকাবিলা করবে।

সম্প্রতি যুক্তরাষ্ট্র এমন একটি আইন পাশ করেছে, যার অধীনে কোনো বিদেশি কোম্পানি বা রাষ্ট্র রাশিয়ার বৃহৎ তেল ও জ্বালানি কোম্পানিগুলোর সঙ্গে ব্যবসা করতে পারবে না। বিশ্লেষকদের মতে, এতে রাশিয়া আন্তর্জাতিক আর্থিক লেনদেনের পরিসরে কিছুটা সীমাবদ্ধ হয়ে পড়বে।

তবে এসব নিষেধাজ্ঞার মধ্যেও সংলাপের আহ্বান জানিয়ে পুতিন বলেন, “সংঘাত নয়, আলোচনাই সব সমস্যার সমাধান।” তিনি আরও যোগ করেন, প্রয়োজনে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গেও আলোচনায় বসতে রাশিয়া প্রস্তুত।

পুতিনের ভাষায়, বিদেশি চাপ কখনো রাশিয়ার স্বাধীন নীতিকে দুর্বল করতে পারবে না; বরং এসব পদক্ষেপ দেশটির আত্মনির্ভরশীলতাকে আরও শক্তিশালী করে তুলবে।

আন্তর্জাতিক বিশ্লেষকরা বলছেন, পুতিনের এই মন্তব্য যুক্তরাষ্ট্র-রাশিয়া সম্পর্ককে আরও নতুন করে উত্তেজনার মুখে ফেলতে পারে, যদিও মস্কো এখনো সংলাপের পথ খোলা রাখার ইঙ্গিত দিচ্ছে।